

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২৫৩৬

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ শরীয়ত-সম্মত খাত ছাড়া, অন্য খাতে ধন-সম্পদ নষ্ট করা নিষিদ্ধ

আরবী

وَعَنْ وَرَادٍ كَاتِبِ الْمُغِيرَةِ، قَالَ : أَمْلَى عَلَيَّ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فِي كِتَابٍ إِلَى مُعَاوِيَةَ أَنَّ  
النَّبِيَّ ﷺ كَانَ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ مَكْتُوبَةٍ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ  
وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا  
يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ وَكَتَبَ إِلَيْهِ أَنَّهُ كَانَ يَنْهَا عَنْ قِيلَ وَقَالَ وَإِضَاعَةِ الْمَالِ وَكَثْرَةِ  
السُّؤَالِ وَكَانَ يَنْهَا عَنْ عُقُوقِ الْأُمَّهَاتِ وَوَادِي الْبَنَاتِ وَمَنْعِ وَهَاتِ مُتَفَقٍ عَلَيْهِ

বাংলা

(২৫৩৬) মুগীরাহ ইবনে শু'বাহর লেখক অর্রাদ হতে বর্ণিত, মুআবিয়া (রাঃ) এর নামে একটি পত্রে মুগীরা আমার দ্বারা এ কথা লিখালেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ফরয নামায়ের পর এই দু'আ পড়তেন,

”লা ইলাহা ইল্লাল্লাহু অহ্মাহু লা শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হামদু অহ্মাহু আলা কুল্লি শাইয়িন কাদীর। আল্লাহ-হ্ম্মা লা মা-নিয়া লিমা আ'ত্তাইতা, অলা মু'ত্তিয়া লিমা মানা'তা অলা য্যানফাউ যাল জাদি মিনকাল জাদু।”

অর্থাৎ, আল্লাহ ব্যতীত কোন সত্য মারুদ নেই, তিনি একক, তাঁর কোন অংশী নেই, তাঁরই জন্য সমস্ত রাজত্ব, তাঁরই সমস্ত প্রশংসা এবং তিনি সর্ব বিষয়ে শক্তিমান। হে আল্লাহ! তুমি যা দান কর তা রোধ করার এবং যা রোধ কর তা দান করার সাধ্য কারো নেই। আর ধনবানের ধন তোমার আয়াব থেকে মুক্তি পেতে কোন উপকারে আসবে না।

(তাছাড়া তাতে এ কথাও লিখালেন যে,) 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অহেতুক কথাবার্তা বলতে, ধন-সম্পদ বিনষ্ট করতে এবং অধিকাধিক প্রশংস করতে নিষেধ করতেন। আর তিনি মাতা-পিতার সাথে অবাধ্যাচরণ করতে, মেয়েদেরকে জীবন্ত প্রোথিত করতে এবং প্রাপকের নায় অধিকার রোধ করতে ও অনধিকার বস্তু তলব করতেও নিষেধ করতেন।'

## ফুটনেট

(বুখারী ৭২৯২, মুসলিম ১৩৬৬)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহাইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66284>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন